দৈনিক
ইনকিলাব

তারিখ 14 APR 2008

## সুবিধাবঞ্চিত অসহায় শিক্ষার্থীদের পাশে

# বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট

বা ... শিক্ষাঙ্গনে সুবিধাবঞ্চিতদের পাশে দাঁড়ানোই যার প্রত্যয়। শিক্ষার্থীদের সার্বিক উন্নয়ন করে কোয়ালিটি এডুকেশন অর্জন করার মহান ব্রত নিয়ে ২০০১ সালে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের জন্ম। সম্ভবত এটিই বাংলাদেশের একমাত্র ও সর্ববৃহৎ শিক্ষা সেবামূলক ট্রাস্ট, যার হাত ধরে স্বপ্নের পথে পা ফেলেছে বাংলাদেশের দারিদ্র্যপীড়িত হাজারও শিক্ষার্থী। সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের হৃৎস্পন্দন বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের প্রতিষ্ঠাতা ও উদ্যোক্তা হচ্ছেন বাংলাদেশ বেতারের সাবেক সাংবাদিক নুরে আলম তালুকদার। উল্লেখ্য, বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্টের মহতী উদ্যোগ ইতিমধ্যেই দেশবরেণ্য শিক্ষাবিদদের দৃষ্টি কাড়তে সমর্থ হয়েছে। ফলে সকলের শুভ সম্পৃক্ততায় এগিয়ে চলেছে এই ট্রাস্ট। মেধাবী, দরিদ্র, অসহায় শিক্ষার্থীদের সেবা প্রদান, যে কোন দুর্যোগকালীন সহায়তা প্রদান, দুস্থ, অসুস্থ শিক্ষার্থীদের সেবা প্রদানে সর্বাত্মক প্রচেষ্টা, পাঠ্যপুস্তক বিতরণ, প্রয়োজনে কর্মসংস্থানের ব্যবস্থা, এছাড়া শিক্ষা সংশ্লিষ্ট যে কোন ... বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় বিদেশে পড়াশুনায় সুযোগ প্রদানে সার্বিক প্রচেষ্টা চালাবে বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট।

বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট শিক্ষাঙ্গনে সেবার এক মহান নাম। ইতিমধ্যে এর কর্মকাণ্ডে তাই প্রমাণিত। এই ট্রাস্টের মাধ্যমে সারাদেশের প্রত্যন্ত অঞ্চলের পনের সহস্রাধিক ছাত্রছাত্রী তাদের লেখাপড়া চালিয়ে যাচ্ছে। হয়তো ছাত্রকল্যাণ ট্রাস্টের সহযোগিতা না পেলে অচিরেই নিভে যেত তাদের আলোর প্রদীপ। তাই আপনি দেশের যে কোন স্থানে থেকেও এর সেবামূলক কাজে সহায়তা করতে পারেন। আপনার একটু সহায়তা বাঁচাতে পারে আরেকজন আঁখির জীবন। ফিরিয়ে দিতে পারে এক শিশুর স্বপ্ন। আপনার যে কোন আর্থিক সহায়তা পাঠাতে পারেন– বাংলাদেশ ছাত্রকল্যাণ ট্রাস্ট, চলতি হিসাব নং-১১১০০০০২১৪৯৭, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, মোহাম্মদপুর শাখা, ঢাকা। অথবা E-mail : bckt_bd@yahoo.com

*□ শিক্ষাঙ্গন রিপোর্ট*